বাড়িতে সীসার রঙের বিপদ

ভাড়াটেদের তাদের অধিকার এবং দায়িত্ব সম্পর্কে কী কী জানা উচিত

সীসার রঙ সম্পর্কে আপনার কী জানা উচিত

সীসা হল একটি বিষ যা প্রায়ই পুরানো পেইন্টে পাওয়া যায়। সীসার রঙ, এবং যে ধুলোতে এটি পরিণত হয় সেটা শৈশবকালের সীসার বিষক্রিয়ার সবচেয়ে সাধারণ উৎস। সীসাঘটিত বিষক্রিয়া শিশুদের শিক্ষাগত এবং আচরণগত সমস্যা সৃষ্টি করতে পারে। 1960 সালে নিউইয়র্ক সিটির (NYC) আবাসিক ভবনে লিড পেইন্ট ব্যবহার নিষিদ্ধ করা হয়েছিল। 1960 এর আগে নির্মিত ভবনগুলির দেয়াল, জানালা, জানালার ধার, দরজা এবং অন্যান্য পৃষ্ঠতলে লিড পেইন্ট থাকতে পারে।

যদি রঙ খসে পড়তে শুরু করে অথবা বাড়ির মেরামত অসুরক্ষিতভাবে করা হয়, সীসাযুক্ত রং এবং ধুলো আপনার বাড়ির চারপাশে ছড়িয়ে পড়বে। যখন শিশুরা তাদের হাত এবং খেলনা মুখে দেয়, তারা সীসার ধুলো গিলে ফেলতে পারে।

NYC- এ সীসার বিষক্রিয়া থেকে শিশুদের রক্ষা করার জন্য আইন এবং পরিষেবা রয়েছে। বাড়িওয়ালাদের অবশ্যই এমন অ্যাপার্টমেন্টগুলিকে সনাক্ত করতে হবে এবং সীসার রঙের ঝুঁকি ঠিক করতে হবে যেখানে 5 বছর বা তার কম বয়সী বাচ্চারা থাকে বা নিয়মিতভাবে প্রতি সপ্তাহে 10 বা তার বেশি ঘন্টা অতিবাহিত করে। এই আইনগুলি প্রযোজ্য হয় যদি বিল্ডিংয়ে তিন বা ততোধিক অ্যাপার্টমেন্ট থাকে এবং 1960 এর আগে নির্মিত হয় (অথবা 1960 এবং 1978 এর মধ্যে যদি মালিক জানেন যে ভবনে লিড পেইন্ট করা আছে), অথবা যদি এক বা দুই-পরিবারের বাড়িতে একটি ভাড়ার ইউনিট থাকে।

আইন সম্বন্ধে আপনার যা জেনে রাখা উচিত

ভাড়াটেদের জন্য তাদের অধিকার এবং দায়িত্বগুলি জেনে রাখা গুরুত্বপূর্ণ।

বাড়িওয়ালাদের অবশ্যই:

- জানতে হবে যে বিল্ডিংয়ে 5 বছর বা তার কম বয়সী বাচ্চারা থাকে বা নিয়মিতভাবে প্রতি সপ্তাহে 10 বা তার বেশি ঘন্টা অতিবাহিত করে কিনা এবং প্রতি বছর সেই অ্যাপার্টমেন্টগুলির সীসার রঙের ঝুঁকি নিরীক্ষণ করতে হবে।
- নতুন কোনো ভাড়াটে আসার আগে এক বা দুই-পরিবারের বাড়ি সহ সমস্ত ভাড়ার ইউনিটগুলির সীসার রঙের ঝুঁকি মেরামত করতে হবে।
- সীসার রঙেরর ঝুঁকিগুলি মেরামত করার সময় এবং লিড পেইন্টে ব্যাঘাত সৃষ্টি করে এমন সাধারণ মেরামত করার সময় নিরাপদে কাজ করতে হবে এবং প্রশিক্ষিত কর্মীদের ব্যবহার করতে হবে।
- 100 বর্গফুটের বেশি সীসার রঙ বিপর্যস্ত হলে, জানালা প্রতিস্থাপন বা NYC আবাসন সংরক্ষণ ও উন্নয়ন বিভাগ কর্তৃক জারি করা লঙ্ঘন সংশোধন করার সময় মার্কিন যুক্তরাষ্ট্রের পরিবেশ সুরক্ষা এজেন্সি দ্বারা প্রত্যয়িত সংস্থাগুলি ব্যবহার করুন।

নিরাপদভাবে কাজ করার অনুশীলনগুলির মধ্যে রয়েছে:

- কর্মক্ষেত্রের বাইরে সতর্কতামূলক চিহ্ন লাগানো।
- সমস্ত আসবাবপত্র সরিয়ে ফেলা বা ঢেকে রাখা এবং প্লাস্টিক এবং জলনিরোধক টেপ দিয়ে মেঝে, দরজা এবং অন্যান্য খোলা জায়গা বন্ধ করা।
- প্রত্যহ কাজের এলাকা হয় ভিজা ন্যাতা দিয়ে অথবা কোনও HEPA ভ্যাকুয়াম দিয়ে পরিষ্কার করা এবং কাজ সম্পূর্ণ হওয়ার পরে ভিজা ন্যাতা ও HEPA ভ্যাকুয়াম দুটি দিয়েই পরিষ্কার করা।
- সীসার ধুলোর মাত্রা নিরাপদ কিনা তা নিশ্চিত করার জন্য কাজ সম্পন্ন হওয়ার পর একজন প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তির পরিষ্কৃত ধুলোর ওয়াইপ গ্রহণ করা নিশ্চিত করা এবং ভাড়াটে ফলাফলের একটি কপি প্রদান করা।

বাড়িওয়ালা এবং ঠিকাদারদের কখনোই সীসার রঙ শুকনোভাবে ঘষা বা শুকনোভাবে মসৃণ করা উচিত নয়।।

ভাড়াটেদের অবশ্যই:

- তাদের বাড়িওয়ালার তরফ থেকে তারা যে বার্ষিক বিজ্ঞপ্তি পান তা পূরণ করে ফেরত দিতে হবে। এই ফর্মটি বাড়িওয়ালাকে জানায় কোনও শিশু অ্যাপার্টমেন্টে বসবাস করে বা নিয়মিত সময় কাটায় কিনা।
- যদি ভাড়াটে কোনও বাচ্চা থাকে অথবা যদি 5 বছর বা তার চেয়ে কমবয়সী কোনও শিশু অ্যাপার্টমেন্টে বসবাস করতে আসে বা সপ্তাহে 10 ঘন্টা বা তার চেয়ে বেশী সময় নিয়মিতভাবে অতিবাহিত করা শুরু করে, তাহলে বাড়িওয়ালাকে লিখিতভাবে জানাতে হবে।

সীসার রঙের থেকে বাচ্চাদের রক্ষা করতে আপনি কী করতে পারেন

- আপনার অ্যাপার্টমেন্টে খসে পরা, ফাটল ধরা বা আলগা রঙ থাকলে আপনার বাড়িওয়ালাকে জানান।
- যদি আপনার বাড়িওয়ালা খসে পরা রঙ ঠিক না করেন বা আপনি যদি মনে করেন যে মেরামতের কাজ নিরাপদভাবে করা হচ্ছে না, তাহলে বিনামূল্যের একটি নিরীক্ষার অনুরোধ করতে **311** এ কল করুন।
- মেঝে, জানালা, হাত, খেলনা এবং চুষিকাঠি প্রায়শই পরিষ্কার করুন।
- 1 বছর এবং 2 বছর বয়সে আপনার শিশুর সীসার বিষক্রিয়া পরীক্ষা করার কথা আপনার ডাক্তারকে মনে করিয়ে দিন। বড় বাচ্চাদের পরীক্ষার বিষয়ে ডাক্তারকে জিজ্ঞাসা করুন। যদি আপনার কোনো ডাক্তার না থাকে, তাহলে আপনার সন্তানকে কোথায় পরীক্ষা করাতে হবে তা জানতে **311** কে কল করুন।



আপনি সীসার বিষক্রিয়া রোধ করার ক্ষেত্রে সাহায্য করতে পারেন

311 নম্বরে ফোন করুন:

- অনিরাপদ কাজের কথা রিপোর্ট করুন।
- সীসার বিষক্রিয়া কিভাবে রোধ করবেন সে বিষয়ে আরও জানুন।
- খাওয়ার জলের জন্য একটি বিনামূল্যের সীসা পরীক্ষা করার কিট অর্ডার করুন। জলের নমুনা জমা দেওয়ার 30 দিনের মধ্যে আপনি ফলাফল পেয়ে যাবেন।
- কোথায় আপনার সন্তানের সীসার বিষক্রিয়া পরীক্ষা করবেন এবং চিকিৎসা করাবেন তা খুঁজে বের করুন।
- এই প্রচারপত্রের আরও কপি অথবা সীসার বিষক্রিয়া প্রতিরোধ সম্পর্কিত অন্যান্য উপকরণ অর্ডার করুন।

একাধিক আবাসিক ভবনের (তিন বা ততোধিক অ্যাপার্টমেন্ট) মালিকদের যদি বিল্ডিং 1960 এর আগে নির্মিত হয়ে থাকে (অথবা 1960 এবং 1978 এর মধ্যে যদি মালিক জানেন যে ভবনে লিড পেইন্ট করা আছে), অথবা যদি এক বা দুই-পরিবারের বাড়িতে একটি ভাড়ার ইউনিট থাকে, তাহলে একটি ইজারা স্বাক্ষর করার সময় অথবা একটি অ্যাপার্টমেন্টে স্থানান্তরিত হলে অবশ্যই এই প্রচারপত্রটি ভাড়াটে দিতে হবে। এই প্রচারপত্রটিতে প্রাথমিক আইনি তথ্য রয়েছে এবং এটি শুধুমাত্র আপনার সুবিধার জন্য প্রদান করা হয়েছে। আইন এবং প্রযোজ্য নিয়মের একটি কপির জন্য, **nyc.gov/hpd** এ যান এবং **“lead poisoning” (সীসার বিষক্রিয়া)** অনুসন্ধান করুন।

সীসার বিষক্রিয়া রোধ সম্পর্কে অধিক তথ্যের জন্য দেখুন **nyc.gov/leadfree**।

NYC Health

EHS1324041 - 10.21
Bengali